দৈনিক বাংলা

29 JUL 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫

১৪

147

16

# শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাস সম্পর্কে আজ সংসদে আলোচনা

।। বিশেষ সংবাদদাতা ।।

দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সংঘর্ষ ও সন্ত্রাস সম্পর্কে আজ জাতীয় সংসদে আলোচনা হবে। গতকাল সংসদে বিরোধীদলীয় কতিপয় সদস্য এ সম্পর্কে আলোচনার দাবী জানালে সংসদের উপনেতা ও শিক্ষামন্ত্রী ডাঃ বদরুদ্দোজা চৌধুরী এই দিনটি বাদ দিয়ে অন্য যে কোন দিন আলোচনার জন্য ধার্য করার পক্ষে মত দেন। স্পীকার জনাব আবদুর রহমান বিশ্বাস

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## সংসদে আলোচনা

(প্রথম পৃষ্ঠার পর)

সোমবার দিনের কর্মসূচীতে এই বিষয়টি অন্তর্ভুক্ত করার জন্য নির্দেশ দেন।

আওয়ামী লীগের জনাব সালাহ-উদ্দীন ইউসুফ দেশের আইন-শৃংখলা পরিস্থিতি এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ, বরিশাল মেডিক্যাল কলেজ, রাজশাহী বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাসী কার্যকলাপ সম্পর্কে আলোচনার দাবী জানান।

শেখ ফজলুল করিম সেলিম রাজ-শাহী বিশ্ববিদ্যালয়ে সংঘর্ষ সম্পর্কে শিক্ষামন্ত্রীর নিকট একটি বিবৃতি দাবী করেন।

সংসদের উপনেতা ডাঃ বি. চৌধুরী বলেন যে, বিভিন্ন জায়গায় যা ঘটছে তা কোন বিচ্ছিন্ন ঘটনা নয়। আমরা এসব ঘটনা একসঙ্গে আলোচনা করব। তিনি এ বিষয়ে আলোচনার জন্য স্পীকারকে অন্ততঃ দুঘন্টা সময় নির্ধারণ করার পরামর্শ দেন যাতে করে উভয় পক্ষের সদস্যরা আলোচনার সুযোগ পান।